

তারিখ: ২৯ জুন ২০১৬ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ অর্থবছরে রাজস্ব লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে এনবিআর ৪১ লাখ ৫৪ হাজার ৭৮৪ কোটি টাকা রাজস্ব সংগ্রহ। লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ৪ হাজার ৭৮৪ কোটি টাকা বেশি

রাষ্ট্রের রাজস্ব সংগ্রহের দায়িত্বে নিয়োজিত মুখ্য প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে শক্তিশালী ও সুসংহত করার লক্ষ্যে সরকারের রাজনৈতিক নির্দেশনাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সম্মানিত করদাতাদের সাথে আলোচনা ও অংশীদারিত্বের ভিত্তিতে সকলের সহযোগিতায় ২০১৫-২০১৬ অর্থবছরে লক্ষ্যমাত্রার চেয়েও প্রায় ৪ হাজার ৭৮৪ কোটি টাকা সংগ্রহ করেছে।

২০১৫-২০১৬ অর্থবছরের সংশোধিত রাজস্ব লক্ষ্যমাত্রা ছিল ১ লক্ষ ৫০ হাজার কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে সংগৃহিত হয়েছে প্রায় ১ লক্ষ ৫৪ হাজার ৭৮৪ কোটি টাকা, যা চলতি বছরে লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ৪ হাজার ৭৮৪ কোটি টাকা বেশি। লক্ষ্যমাত্রা অর্জনের গড় হার ১০৩.১৯ শতাংশ, যা ২০১৪-২০১৫ অর্থবছরের রাজস্ব সংগ্রহের তুলনায় প্রবৃদ্ধির হার গড়ে ১৪.০৬ শতাংশ। ২০১৫-২০১৬ অর্থবছরের রাজস্ব সংগ্রহের চিত্র (সাময়িক) নিম্নরূপ :

২০১৫-২০১৬ অর্থবছরের রাজস্ব সংগ্রহের চিত্র (সাময়িক)

	লক্ষ্যমাত্রা ২০১৫-১৬	আদায় ২০১৫-১৬	অর্জনের হার (%)	আদায় ২০১৪-১৫	প্রবৃদ্ধির হার
আমদানি শুল্ক	৪২,৫০০	৪৪,৮৫৪.৮৫	১০৫.৫৪	৩৮৩৩৩.৩৭	১৭.০১%
স্থানীয় মূসক	৫৪,০৬৪	৫৫,৬৮৪.৮১	১০২.৯৯	৪৯০১৩.৫৩	১৩.৬১%
আয়কর	৫৩,৪৩৬	৫৪,২৪৪.৬৭	১০১.৫৮	৪৮৩৫৩.৮০	১২.১৮%
মোট	১৫০,০০০	১,৫৪,৭৮৩.৯৩	১০৩.১৯	১৩৫৭০০.৭০	১৪.০৬%

মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দিক-নির্দেশনা, মাননীয় অর্থমন্ত্রীর প্রাজ্ঞ তত্ত্বাবধান ও উৎসাহ এবং মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর বিশেষ সহযোগিতা এ বৃহৎ লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাইলফলক হিসেবে কাজ করেছে। পাশাপাশি সকল মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, বেসরকারী প্রতিষ্ঠান, একাডেমিক ও গবেষণা প্রতিষ্ঠান ক্ষেত্রে বিশেষে রাজস্ব সংগ্রহ, রাজস্ব প্রদান ও রাজস্ব বিষয়ক আলোচনায় অধিকতর মনোনিবেশ করাসহ বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন ধরণের সহায়তা বিশেষ করে উৎসে কর ও ভ্যাট কর্তন এর ফলে অধিক পরিমাণে রাজস্ব এসেছে। সর্বেপরি, সম্মানিত করদাতাগণের আন্তরিক সহযোগিতায় এ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এছাড়া জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর তিনটি অনুবিভাগ- আয়কর, মূসক এবং শুল্ক সংশ্লিষ্ট সকল স্তরের কর্মকর্তা- কর্মচারীদের নিরস্তর প্রয়াস ও এনবিআর অনুসৃত ‘সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা পদ্ধতি’ যথাযথ প্রয়োগের ফলে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলা করে রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে এনবিআর।


এছাড়া পেট্রোবাংলার নিকট জাতীয় রাজস্ব বোর্ডের ১৩ হাজার ২৭৮ কোটি টাকার নিরংকুশ বকেয়া চিহ্নিতকরণপূর্বক এ অর্থ আদায় কার্যক্রম প্রায় সমাপ্তির পথে। চলতি অর্থ বছরে আদায় হলে মূল লক্ষ্যমাত্রা ১,৭৬,৩৭১ কোটি টাকা ছাড়িয়ে যেত।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিরুর রহমান এ বিষয়ে বলেন, রাজস্ব বিভাগে কর্মরত সবাই মিলে কাজ করেছি। সঠিক সময়ে যোগ্য ব্যক্তিকে উপযুক্ত পদে পদায়ন করেছি। রাজস্ব সংগ্রহের কাজে স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করেছি। এ জন্য রাজস্ব সংলাপ বেশ কাজে এসেছে। চলমান মামলা নিষ্পত্তিতে সন্তোষজনক অগ্রগতি ছিল। বকেয়া আদায়েও বেশ ভালো অগ্রগতি হয়েছে। সর্বোপরি, রাজস্ব সংগ্রহকারী কর্মকর্তাদের অতিরিক্ত পরিশ্রমে লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি প্রায় ৪ হাজার ৭৮৪ কোটি টাকা রাজস্ব সংগ্রহ সম্ভব হয়েছে। এ জন্য তিনি নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য দেশপ্রেমিক জনগণ, সম্মানিত করদাতাগণ এবং গণমাধ্যমের প্রিয় বন্ধুদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

পরিশেষে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিরুর রহমান বলেন, আমরা এ বিশাল অর্জনে দেশপ্রেমিক সুনাগরিক হিসেবে সম্মানিত করদাতাদের সহযোগিতা ও অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করছি। একইসাথে তাদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতার ফলে আগামী অর্থবছরের নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা ২ লক্ষ ৩ হাজার ১৫২ কোটি টাকা অর্জন করা সম্ভব হবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করছি। তিনি আরো বলেন, জীবনকে বাঁচিয়ে রাখতে, শরীরকে প্রাণবন্ত রাখতে যেমন প্রচুর পরিমাণ অক্সিজেন প্রয়োজন, তেমনি দেশের উন্নয়নের জন্য প্রচুর রাজস্বের প্রয়োজন। উন্নয়নের অক্সিজেন হলো রাজস্ব। কাজেই দেশের উন্নয়ন ও জনকল্যাণে সরকারকে সহযোগিতা করার লক্ষ্যে যথাসময়ে যথাযথ পরিমাণ রাজস্ব প্রদানের মাধ্যমে এখন থেকে আমাদের প্রতিজ্ঞা হবে :

- আমরা সকলে সময়মত যথাযথ আয়কর, শুল্ক ও ভ্যাট পরিশোধ করব।
- কোন ক্ষেত্রেই মিথ্যা ঘোষণা বা কর ফাঁকি দেব না।
- বড় সুবিধার কোনরূপ অপব্যবহার করব না।
- সকল প্রকার হয়রানি ও দুর্নীতি মুক্ত থেকে মেলার পরিবেশে সারা বছর সবাই কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করব এবং
- সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে সবাই সমানভাবে অংশীদার হবো।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


22/07/2016
(সৈয়দ এ মু'মেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া